

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১০১

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৪

মহারাজীপুর বি এল রায় ইট ভাট্টায় স্বাস্থ্য শিবির



তামাক জাতীয় দ্রব্যের ব্যবহারে মানুষের মধ্যে আজকাল ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। এর থেকে মুক্তির একমাত্র উপায় হল জনসচেতনতা। তাই মানুষকে সচেতন করার লক্ষ্যে জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির অঙ্গ হিসেবে খোয়াই জেলার অন্তর্গত তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের উদ্যোগে লক্ষ্মীপুর আয়ুষ্মান আরোগ্য মন্দির এলাকার স্থানীয় মহারাজীপুর বি এল রায় ইটভাট্টায় গত ৬ ডিসেম্বর ২০২৪ এক ফোকাস গ্রুপ ডিসকাশন কর্মসূচি এবং স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। মূলত তামাকের ভয়ংকর কু-প্রভাব সম্বন্ধে সকলকে অবহিত করার লক্ষ্যেই এদিন উক্ত ফোকাস গ্রুপ ডিসকাশন সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এই কর্মসূচিতে স্বাস্থ্যকর্মীরা মহারাজীপুর বি এল রায় ইট ভাট্টার শ্রমিকদের মধ্যে তামাক গ্রহণের ফলে আমাদের দেহের কি কি ক্ষতি হতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তামাক জাতীয় দ্রব্যের ব্যবহারে মানুষের ক্যান্সারসহ বিভিন্ন রোগে আক্রান্ত হবার ঝুঁকি থাকে, তাই তামাক ও তামাকজাত দ্রব্যের ব্যবহার থেকে বিরত থাকতে স্বাস্থ্যকর্মীরাইট ভাট্টার শ্রমিকদের পরামর্শ দেন।

এছাড়াও এদিন সচেতনতামূলক আলোচনার পাশাপাশি স্বাস্থ্যকর্মীরাইট ভাট্টার শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজন অনুসারে বিনামূল্যে ওষুধ প্রদান করেন। হাসপাতালে না গিয়েইট ভাট্টার মধ্যেই এই ধরনের স্বাস্থ্য পরিষেবা পেয়ে শ্রমিকরা স্বাস্থ্যকর্মীরা প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন লক্ষ্মীপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার অভিজিৎ দাস, এমপিডব্লিও জয়শ্রী ভট্টাচার্য এবং আশাকর্মী লক্ষ্মীরাণী সরকার, তাপসী চৌধুরী সরকার এবং প্রণিকা চৌধুরী সরকার প্রমুখ। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
